

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd

নং-৪৬.০৪৬.০১৮.০০.০০.১০৪.২০১৪-১৫৩৩

তারিখ : ১৯ অক্টোবর ২০১৬


বিষয় : পাবনা জেলার সুজানগর উপজেলা পরিষদ চেয়ারম্যান-এর পদ শূন্য হওয়ার উপ-নির্বাচন অনুষ্ঠান করা।

সূত্র: স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৪৬.০১৮.০০.০০.১০৪.২০১৬-১৫৩২; তারিখ: ১৯ অক্টোবর ২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে পাবনা জেলার সুজানগর উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব আবুল কাশেম গত ০১ অক্টোবর ২০১৬ তারিখে মৃত্যুবরণ করায় তাঁর মৃত্যুজনিত কারণে উক্ত উপজেলা পরিষদের চেয়ারম্যান এর পদটি উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ {উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত} এর ১৪(১)(চ) ধারা অনুযায়ী শূন্য ঘোষণা করা হয় (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, পাবনা জেলার সুজানগর উপজেলা পরিষদ চেয়ারম্যান-এর পদ শূন্য হওয়ায় উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ {উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত} অনুযায়ী উপ-নির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : ০১(এক) পাতা।


১৯/১০/২০১৬
(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৬২২৪৭

সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপি :

- ০১। কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০২। জেলা প্রশাসক, পাবনা।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, পাবনা।
- ০৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।